# মানুষ মহিয়ান

হারুন অর রশীদ সিদ্দিকী।

উঁচনীচ, ছোটবড় ভেদাভেদ নানান
মানুষ পরিচয়ে যেথা পশুর সমান;
মানুষ যদি না হয় মানুষের মতন
কিবা লাভ তব ধরায় জন্মগ্রহণ।
সত্য মানুষ সদা বিধাতার ভূষণ
খুঁজি তাঁরে মোরা সারাটি ভুবন;
আপনারে দেখ ও-মন গভীর মনপ্রাণ
আপনাতেই সদা বিধাতা গোপন।
আপনার কায়া যথা বিধাতার আসন
গোপনে বসি বিধাতা করিছে শাসন;
আপনারে সৃজিতে তাঁর নাহি লাগে ক্ষণ
সৃজিতে পারেন তিনিই যিনি চতুরানন।
কতবার সেধেছে মোরে আমায় কর আপন
চিনিবে নিজকে তখন "তুমি কে এক নতুন"।
ব্যর্থ হয়েছি তাতে সদা প্রবৃত্তির বাঁধন।
আপনাতে আছে যেজন
সেইজন তব চির আপন;
আপনারে ধরিতে আজি কর সাধন
লুকি আছে যেথা মানুষ অবচেতন
চিনেছে যে নিজকে সদা বলি তাঁরে "মানুষ মহিয়ান"।

১৭ই ভাদ্র ১৪১৬
১লা সেপ্টেম্বও ২০০৯
সিরোইল রাজশাহী।